

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

তারিখ : ২৭/১২/২০১৬ খ্রি:


স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি/২০১২/২০১১/০৪২৫

বিষয় : অনুপস্থিতির জন্য কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজের সার্বিক তথ্যাদির বিষয়ে মনিটরিং কার্যক্রমের অংশ হিসাবে নিম্নস্বাক্ষরকারী গত ২৪/১২/২০১৬ খ্রি: তারিখ জানেন যে, অধ্যক্ষ (জনাব নূরুল হাকিম) প্রতিষ্ঠানে অনুপস্থিত এবং টেলিফোনে এ প্রতিষ্ঠানের চীফ ইন্সট্রাকটর(রেডিও এন্ড টিভি) জনাব মোঃ গোলম মোস্তফা জানান, অধ্যক্ষ নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। তিনি নৈমিত্তিক ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে নৈমিত্তিক ছুটিতে চট্টগ্রামে নিজ বাড়ীতে গেছেন।

- ২। তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত নৈমিত্তিক ছুটিতে গমন করেন। তাঁর নৈমিত্তিক ছুটির আবেদন কারিগরি শিক্ষা অধিদপ্তরে পাওয়া যায়নি।
- ৩। অধ্যক্ষ (জনাব নূরুল হাকিম) উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে গত ০৯/১১/২০১৬ খ্রি: তারিখ হতে ১৫/১১/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত ৭(সাত) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ অনুপস্থিতির জন্য তাকে কারণ দর্শানো হয়। খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-টিএসসি/খাগড়া/ ৪০০, তারিখ: ২৯/১১/২০১৬ খ্রি: মূলে তিনি জবাবটি এ অধিদপ্তরে প্রেরণ করেন। তাঁর প্রেরিত জবাবটি সন্তোষজনক নয় বলে প্রতীয়মান হয়।
- ৪। ইতঃপূর্বে বিনা অনুমতিতে অনুপস্থিতির জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি/২০১২/২০১১/ ১৫১০, তারিখ: ০৭/১১/২০১৬ খ্রি: মূলে তাকে তিরস্কার প্রদান করা হয় এবং প্রথমবারের মতো সতর্ক করা হয়েছিল। কিন্তু তাঁর আচার আচরণে কোন পরিবর্তন লক্ষ্য করা যায়নি।

এমতাবস্থায়, কেন গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর ৪ ধারা অনুযায়ী কেন তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২৭/১২/১৬

জনাব নূরুল হাকিম
অধ্যক্ষ
খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ
খাগড়াছড়ি।
পিআইএমএস আইডি নং-৬৪৬৫৫০০৩২৭

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।